

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
সুরক্ষা সেবা বিভাগ  
প্রশাসন-১ শাখা



মুজিববর্ষ (১৭ মার্চ ২০২০ হতে ১৬ ডিসেম্বর ২০২১) উদযাপন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও  
ভবিষ্যত করণীয় সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ মোকাম্মির হোসেন সচিব
সভার তারিখ	৩১ মে ২০২১
সভার সময়	সকাল ১০.৩০ টায়
স্থান	ভার্চুয়াল প্ল্যাটফর্ম
উপস্থিতি	সংযুক্ত ক

সভাপতি সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি তাঁর বক্তব্যে বলেন, প্রধানমন্ত্রীর কার্যালয় হতে ১১/০১/২০২১ তারিখে প্রাপ্ত মুজিববর্ষে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীত কর্মসূচি বাস্তবায়ন অগ্রগতি ও ভবিষ্যত করণীয় সংক্রান্ত পর্যালোচনা সভার অনুমোদিত কার্যবিবরণীর আলোকে গৃহীত প্রয়োজনীয় কর্মসূচিসমূহ বাস্তবায়নে সুরক্ষা সেবা বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহ বদ্ধপরিকর। তিনি অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ অনুবিভাগ) কে আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করার জন্য অনুরোধ জানান।

০২। সভাপতির অনুমতিক্রমে ড. তরুণ কান্তি শিকদার, অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ অনুবিভাগ) আলোচ্যসূচি অনুযায়ী মুজিববর্ষ উদযাপন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও ভবিষ্যত করণীয় সংক্রান্ত বিষয়টি সভায় উপস্থাপন করেন। তিনি জানান, মুজিববর্ষ উপলক্ষ্যে সুরক্ষা সেবা বিভাগ ও এর অধীন ০৪ টি অধিদপ্তর কর্তৃক মোট ৭৭ টি কর্মসূচি গ্রহণ করা হয়। গৃহীত ৭৭ টি কর্মসূচির মধ্যে সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক ০২ টি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক ১০টি, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর কর্তৃক ২০ টি, কারা অধিদপ্তর কর্তৃক ১৫ টি এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক ৩০ টি কর্মসূচি গ্রহণ করা হয়।

০৩। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) আরও জানান যে, সুরক্ষা সেবা বিভাগ ও এর অধীন অধিদপ্তরসমূহ কর্তৃক গৃহীত মোট ৭৭ টি কর্মসূচির মধ্যে ইতোমধ্যে সুরক্ষা সেবা বিভাগের ০২ টি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ০৪ টি, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের ১৪ টি, কারা অধিদপ্তরের ০৯ টি এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ১৮ টি কর্মসূচিসহ মোট ৪৭ টি কর্মসূচি বাস্তবায়ন করা হয়েছে। অপরদিকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ০৬ টি, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের ০৬ টি, কারা অধিদপ্তরের ০৬ টি এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ১২ টি সহ মোট ৩০ টি কর্মসূচি বাস্তবায়নাধীন বা চলমান আছে।

০৪। সভায় মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর; মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর; মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর পক্ষে পরিচালক (প্রশাসন ও অর্থ); কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর মহোদয়গণ তাদের সুচিন্তিত মতামত ব্যক্ত করেন এবং বাস্তবায়নাধীন বা চলমান কর্মসূচিসমূহ যথাসময়ে বাস্তবায়ন করা হবে মর্মে অভিমত ব্যক্ত করেন। সুরক্ষা সেবা বিভাগের অতিরিক্ত সচিব ও অনুবিভাগ প্রধান জনাব সৈয়দ

বেলাল হোসেন, জনাব মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী, জনাব মোঃ খায়রুল আলম শেখ, জনাব ইসরাত চৌধুরী গৃহীত কর্মসূচি যথাসময়ে যথাযথভাবে বাস্তবায়নপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন এ বিভাগে প্রেরণের উপর গুরুত্বারোপ করেন।


০৫। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

**সিদ্ধান্ত ১:** অধিদপ্তরসমূহ কর্তৃক গৃহীত কর্মসূচির মধ্যে যেসকল কর্মসূচি এখনও বাস্তবায়ন হয়নি সেসকল কর্মসূচি নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন সম্পন্ন করে প্রতিবেদন সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে।

**সিদ্ধান্ত ২:** অধিদপ্তরসমূহ কর্তৃক মুজিববর্ষের সাথে সঙ্গতিপূর্ণ টিভিসি গুলো জরুরি ভিত্তিতে তৈরি করে ব্যাপক প্রচারের উদ্যোগ গ্রহণ করতে হবে।

**সিদ্ধান্ত ৩:** ‘বঙ্গবন্ধুর আদর্শ ও জীবন’/ ‘বঙ্গবন্ধুর সংগ্রামী জীবন’ সম্পর্কে যেসকল অধিদপ্তর তাদের প্রশিক্ষণ মডিউলে অধ্যয়ন সংযোজন করেছেন সেসকল প্রশিক্ষণ মডিউল এর কপি সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে।

০৬। সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
মোঃ মোকাম্মির হোসেন  
সচিব


স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১২.২৩.০০১.১৯.২১০

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ ১৪২৮

৩১ মে ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অনুবিভাগ প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ
- ২) মহাপরিচালক/মহাপরিদর্শক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, কারা অধিদপ্তর ঢাকা।
- ৩) উপসচিব, প্রশাসন-২ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৪) প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ

  
মোঃ মোকাম্মির হোসেন  
সচিব